JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

স্টেটের চুক্তিতে সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা উদ্যোগগুলোর অংশগ্রহণের শর্তারোপকারী দেশের শীর্ষস্থানীয় আইনের নবায়ন ও সম্প্রসারণ করার জন্য গভর্নর কুওমো S6575/A8414-তে স্বাক্ষর করেন।

গভর্নর কুওমো: "বৈচিত্র্য নিউইয়র্কের সর্বশ্রেষ্ঠ সম্পদ এবং এই পদক্ষেপকে আইনে পরিণত করার জন্য স্বাক্ষর করার মাধ্যমে আমরা বিভিন্ন বর্ণের আরো নারী পুরুষকে স্টেট চুক্তিতে অংশগ্রহণ করার জন্য এবং এমনকি আরো বেশি অন্তর্ভুক্তিমূলক চুক্তি করার জন্য আমাদের অদম্য কর্মসূচি অব্যাহত রাখার জন্য ক্ষমতায়িত করব।"

গভর্নর কুওমো আজ আইন S.6575/A.8414-তে স্বাক্ষর করেন যেটি সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা উদ্যোগ (Minority and Women Owned Business Enterprises, MWBE) কর্মসূচিকে চুক্তিবদ্ধ স্টেট প্রকল্পগুলোতে MWBE এর চলমান ও অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য আরো পাঁচ বছরের জন্য অনুমোদন দেয়। আইনের পুনঃঅনুমোদনের অন্তর্ভুক্ত আছে এমন সব উন্নয়ন যা এই কর্মসূচিতে অংশগ্রহণ ও সুবিধা নিতে আরো বেশি MWBE-কে সক্ষম করবে।

"নিউ ইয়র্কের শীর্ষস্থানীয় MWBE কর্মসূচির সম্প্রসারণ ও সংবর্ধন আমাদের অর্থনীতি যে আমাদের মূল্যবোধ ও আমাদের বিচিত্র প্রতিভাধরদের প্রতিফলস্বরূপ তা নিশ্চিত করতে সাহায্য করবে", **গভর্নর কুওমো বলেন।** "বৈচিত্র্য নিউইয়র্কের সর্বশ্রেষ্ঠ সম্পদ এবং এই পদক্ষেপকে আইনে পরিণত করার জন্য স্বাক্ষর করার মাধ্যমে আমরা বিভিন্ন বর্ণের আরো নারী পুরুষকে স্টেট চুক্তিতে অংশগ্রহণ করার জন্য এবং এমনকি আরো বেশি অন্তর্ভুক্তিমূলক চুক্তি করার জন্য আমাদের অদম্য কর্মসূচি অব্যাহত রাখার জন্য ক্ষমতায়িত করব।"

"উচ্চাকাঙ্ক্ষী উদ্যোক্তাদের জন্য আমরা প্রতিবন্ধকতা দূর করছি এবং সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসার বিকাশ ও সাফল্য নিশ্চিত করার সুবিধাদি প্রদান করছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের শক্তিশালী MWBE কর্মসূচির নবায়ন ও সম্প্রসারণ বৈচিত্র্যের বিকাশের জন্য আমাদের সামগ্রিক প্রচেষ্টার অংশ হিসেবে নিউ ইয়র্কের শীর্ষস্থানীয় MWBE এর লক্ষ্যমাত্রাকে অগ্রসর করে। আমরা স্টেটব্যাপী সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসাকে উৎসাহিত করা ও সহায়তার করা, কর্মসংস্থান সৃষ্টি করা এবং অর্থনীতিকে শক্তিশালী করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

স্টেটের চুক্তিতে MWBE এর অংশগ্রহণ বাধ্যতামূলক করার মাধ্যমে নিউ ইয়র্কের অর্থনীতিকে আরো অন্তর্ভুক্তিমূলক করার জন্য পরিকল্পিত MWBE কর্মসূচির মেয়াদ 2019 সালের শেষের দিকে শেষ

হবার কথা ছিল। পুনঃঅনুমোদন কর্মসূচিটিকে 2024 সাল পর্যন্ত বর্ধিত করে এবং আরো MWBE-কে অংশগ্রহণ করার জন্য এবং অংশগ্রহণকারী সব ব্যবসাকে আরো বেশি সুবিধা দেয়ার জন্য এটিকে সহজতর করার আইন সংশোধন করে। নতুন শর্তাবলির মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- MWBE এর প্রত্যয়ন মেয়াদ 3 থেকে 5 বাড়ানো;
- এজেন্সি ও কর্তৃপক্ষের বিবেচনামূলক ক্রয়সীমা একটি আনুষ্ঠানিক প্রতিযোগিতামূলক প্রক্রিয়া ছাড়াই 200,000 মার্কিন ডলার থেকে বাড়িয়ে 500,000 মার্কিন ডলার করা;
- আরো বেশি ব্যবসাকে উপযুক্ত করার জন্য ব্যক্তিগত মোট মূল্যসীমা (Personal Net Worth cap) 3.5 মিলিয়ন মার্কিন ডলার থেকে বাড়িয়ে 15 মিলিয়ন মার্কিন ডলার করা;
- স্টেটজুড়ে MWBE প্রতিষ্ঠানগুলোর জন্য প্রচারানুষ্ঠান, প্রশিক্ষণ ও শিক্ষাগত সুযোগের আয়োজন করতে MWBE এর বিভক্তির অনুমোদন; এবং
- একটি ওয়ার্কফোর্স ডাইভারসিটি প্রোগ্রাম (Workforce Diversity Program) প্রতিষ্ঠা করা যেখানে একটি বিচিত্র কর্মীদলের ব্যবহার করার জন্য নির্মাণ প্রকল্পগুলোকে তত্ত্বাবধানকারী স্টেট এজেন্সিগুলোর প্রয়োজন; অতিরিক্ত নতুন শর্তাবলির মধ্যে।

সেনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "MWBE কর্মসূচি একটি প্রমাণিত সাফল্য এবং সংখ্যালঘু ও নারী-মালিকানাধীন ব্যবসা ও উদ্যোগগুলোকে ক্ষমতায়নে সাহায্য করেছে। আজ আইনে স্বাক্ষরিত বিলটি MWBE-কে 2024 সাল পর্যন্ত সম্প্রসারিত করবে, স্টেটের চুক্তি প্রক্রিয়াকে আরো অন্তর্ভুক্তিমূলক করা অব্যাহত রাখবে এবং ভুল উপস্থাপনা প্রতিহত করার জন্য পদক্ষেপ নেবে। সেনেটের ডেমোক্র্যাটিক সংখ্যাগরিষ্ঠ প্রতিবন্ধকতাসমূহ ছিন্ন করায় প্রতিশ্রুতিবদ্ধ এবং এই আইনসভা সংখ্যালঘু ও নারী উদ্যোক্তাদের জন্য একটি অধিক সাম্য সৃষ্টির মাধ্যমে সেই প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যায়। আমি বিলের পৃষ্ঠপোষক, সেনেতর জেমস স্যান্ডার্স জুনিয়রকে এই বিষয়ে তার দীর্ঘকালীন নেতৃত্বের জন্য সাধুবাদ জানাই এবং আরো বেশি নিউ ইয়র্কবাসীকে তাদের সম্পূর্ণ সম্ভাব্যতাকে প্রকাশ করার জন্য ক্ষমতায়িত করার এই বিলটি পাশ করার জন্য আমি সেনেটে আমার সহকর্মীদের নিয়ে গর্ববোধ করি।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা উদ্যোগ কর্মসূচি আমাদের অর্থনীতিকে চাঙ্গা করায় এবং আমাদের কর্মীদল নিউ ইয়র্কের বৈচিত্র্যকে আরো যথার্থরূপে উপস্থাপন করে তা নিশ্চিত করায় অমূল্য হয়ে আছে। এই কর্মসূচির নবায়ন ও সম্প্রসারণের মাধ্যমে, আমরা সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা উদ্যোগগুলোর জন্য অর্থনৈতিক সুযোগের সমতা প্রচারে যে অগ্রগতি সাধন করেছি তা অব্যাহত রাখতে পারব। আমি এছাড়াও অ্যাসেম্বলি সদস্য বিচোটকে এই বিষয়ের তার নেতৃত্ব ও আমাদের অর্থনীতিতে অন্তর্ভুক্তি আনয়নে তার অব্যাহত প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাই।"

সেনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন, "এই আইনগুলি MWBE তাদের ক্ষমতা বৃদ্ধি করে এবং তাদের স্টেট চুক্তিতে আরো ভালো প্রবেশাধিকার রয়েছে তা নিশ্চিত করার ক্ষেত্রে বিরাট পদক্ষেপ। এই সম্পদগুলোতে প্রবেশাধিকারের ক্ষেত্রে ঐতিহাসিকভাবে পশ্চাদপদ ছিল এমন গোষ্ঠীগুলোকে অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে আমরা অবশেষে কিছু ভালো অগ্রগতি সাধন করছি।"

সেনেটর কেভিন পার্কার বলেন, "নারী ও সংখ্যালঘু মালিকানাধীন ব্যবসার অংশগ্রহণ বৃদ্ধি, সুযোগ-সুবিধা বৃদ্ধি এবং জালিয়াতির বিরুদ্ধে নিরাপত্তাদান আমাদের অর্থনীতির বিকাশের জন্য গুরুত্বপূর্ণ। এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর কুওমোর প্রতি কৃতজ্ঞতা। আট বছরে MWBE চুক্তিতে প্রায় 20 শতাংশ বৃদ্ধিতে, নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে তাদের প্রভাব স্বীকার না করা অসম্ভব ব্যপার। আমি গভর্নরকে তার প্রশাসনে MWBE কর্মসূচিকে অগ্রাধিকার দেয়ায় সাধুবাদ জানাই।"

"আমি এই MWBE বিলসমূহে স্বাক্ষর করার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই যাতে অনুচ্ছেদ 15-A এর সম্প্রসারণ এবং MWBE কর্মসূচির পরবর্তী সম্প্রসারণের অনুমতি অন্তর্ভুক্ত আছে", **অ্যাসেম্বলি সদস্য রোদনিজ বিচোট বলেন।** "একটি আরো শক্তিশালী ও স্বচ্ছ কর্মসূচির অনুমতি, কর্মসূচির ব্যক্তিগত মোট মূল্যসীমা 15 মিলিয়ন মার্কিন ডলারে বৃদ্ধির মাধ্যমে যোগ্য ব্যবসাগুলোর নাগাল সম্প্রসারণ, DASNY-এর মেন্টরশিপ পাইলট প্রোগ্রামের প্রাপ্যতা, স্টেট ও সিটির বিবেচনামূলক ব্যয় 5 বছরের একটি প্রত্যয়ন সম্প্রসারণ সহ 500,000 মার্কিন ডলারে বৃদ্ধিকে অন্তর্ভুক্ত করেছে এমন সব পরিবর্তন MWBE-এর অংশগ্রহণ বৃদ্ধির সুযোগ প্রদান করবে। এটি MWBE কমিউনিটির জন্য নিউ ইয়র্ক স্টেটে আমাদের অর্থনৈতিক অন্তর্ভুক্তি ও ন্যায্যতার চূড়ান্ত লক্ষ্যের প্রতি নিশ্চিয়ই সঠিক পদক্ষেপ।"

অ্যাসেম্বলি সদস্য ইনেজ ডিকেন্স বলেন, "আজ আমি ঘোষণা করতে পেরে গর্বিত যে গভর্নর কুওমো স্টেট অ্যাসেম্বলিতে আমার প্রস্তাবিত একটি গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করবেন যা ন্যাশনাল আরবান লীগকে (National Urban League) তার জন্মস্থান যুক্তরাষ্ট্রের হারলেমে নিয়ে আসে। এই গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের প্রত্যাবর্তনের পাশাপাশি, প্রকল্পটির মধ্যে ঊর্ধ্বমুখী থেকে সর্বোচ্চ 80% এলাকার মধ্যমা আয় (Area Median Income, AMI) পর্যন্ত বিস্তারের 170 ইউনিট সাশ্রয়ী মূল্যের গৃহায়ন অন্তর্ভুক্ত থাকবে। এই প্রকল্পটি জাজ মোবিল (Jazz Mobil) ও 100 ব্ল্যাক মেন ইনকর্পোরেটেড (100 Black Men Inc.) এর নতুন ঠিকানা হবে এবং 125 তম স্ট্রিট ইমপ্রুভমেন্ট ফান্ডে (125th Street Improvement Fund) প্রদত্ত উল্লেখযোগ্য তহবিল দেখতে পাবে। এই আইনে স্বাক্ষরের মাধ্যমে নিম্ন ও মধ্যম আয়ের পরিবারের সদস্যদের সমর্থন অব্যাহত রাখার জন্য আমি গভর্নরকে অভিনন্দন জানাই, যা তাদেরকে আমাদের শহর বিনির্মাণের অংশ হিসেবে থাকার সুযোগ দেয় এবং আমার জন্মদিনে এই স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হওয়ায় সেটি একটি বিশেষ উপলক্ষে পরিণত হয়েছে।"

নতুন বিধানগুলি MWBE কর্মসূচির ক্রমবর্ধমান বৃদ্ধিকে সমর্থন করবে, যার ফলে 2011 সাল থেকে MWBE-কে প্রদত্ত 13 বিলিয়ন মার্কিন ডলারের বেশি চুক্তি হয়েছে। 2010 সালে, MWBE এর প্রতিষ্ঠানগুলোর সাথে স্টেট চুক্তির খরচ সর্বমোট 100 মিলিয়ন মার্কিন ডলারেরও কম ছিল ও MWBE এর ব্যবহার 10 শতাংশের কম ছিল। 2014 সালে, গভর্নর কুওমো স্টেটের সব চুক্তিতে 30 শতাংশ MWBE ব্যবহার করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছিলেন এবং 2017-2018 অর্থ বছরে, এই স্টেট 28.62 শতাংশ বা স্টেটের চুক্তি সংক্রান্ত ডলারে 2.5 বিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করে এই লক্ষ্যের দিকে সর্বকালের চেয়েও কাছাকাছি পৌঁছেছিল। নিউ ইয়র্ক স্টেট MWBE চুক্তিতে অংশগ্রহণের সর্বোচ্চ হার অর্জনের মাধ্যমে দেশকে নেতৃত্বদান অব্যাহত রাখে।

S.6575/A.8414 এর বর্ধিতকরণ ও সম্প্রসারণ দুইটি অতিরিক্ত বিলে স্বাক্ষরের মাধ্যমে বর্ধিত করা হয়: S.6301/A.7795 ও S.6418A/A8407. S.6301/A.7795 নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষকে MWBE ও ক্ষুদ্র ব্যবসাগুলোর জন্য চুক্তি সুবিধা আরো সম্প্রসারণের লক্ষ্যে একটি চার-বছর মেয়াদী প্রকিউরমেন্ট পাইলট প্রোগ্রাম শুরু করার অনুমোদন দেয়, পাশাপাশি S.6418A/A8407 নিউ ইয়র্ক সিটির বিবেচনামূলক ক্রয়কারী কর্তৃত্ব স্টেটের বর্ধিত কর্তৃত্বের সাথে এই ধরনের সীমাকে সঙ্গতিপূর্ণ রেখে সীমা 150,000 মার্কিন ডলার থেকে 500,000 মার্কিন ডলারে বৃদ্ধির অনুমোদন দেয়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন